ডাইরি/ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা নিন

206

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.betar.gov.bd

**২০২৩-২৪ অর্থবছরের ২য় কোয়ার্টারের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের অংশ হিসেবে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত (Stakeholders) অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া, মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা। |
| তারিখ | ঃ | ২৪ ডিসেম্বর ২০২৩; সময়: দুপুর ২:০০ টায় |
| স্থান | ঃ | সভাকক্ষ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |
| সভায় উপস্থিতির তালিকা | ঃ | পরিশিষ্ট 'ক'। |

'সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে' সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় অংশীজনদের বিভিন্ন মতামত ও পরামর্শ সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচ্য বিষয়-১ | বাংলাদেশ বেতারের নাট্য শিল্পীদের "বিশেষ শ্রেণি" অন্তর্ভুক্তিকরণ সংক্রান্ত আলোচনা। |
|---|---|
| আলোচনা | সভায় বাংলাদেশ বেতারের নাট্য শিল্পীদের মধ্যে থেকে পূর্বের বিশেষ শ্রেণি হিসেবে স্বীকৃতি প্রাপ্ত এবং অভিজ্ঞ নাট্য শিল্পীদের বিশেষ শ্রেণিতে উন্নয়ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। |
| সিদ্ধান্ত | বাংলাদেশ বেতারের প্রস্তাবিত শিল্পী সম্মানী কাঠামোতে পূর্বের ন্যায় নাট্য শিল্পীদের বিশেষ শ্রেণি অন্তর্ভুক্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা। |

| আলোচ্য বিষয়-২ | বাংলাদেশ বেতারে যারা পারফর্মিং আর্টিস্ট নয় তাদেরকে আউটসোর্সের মাধ্যমে নিয়োগের প্রস্তাব প্রেরণ সংক্রান্ত আলোচনা। |
|---|---|
| আলোচনা | সভায় বাংলাদেশ বেতারে যেসকল অনিয়মিত শিল্পীগণ পারফমিং আর্টিস্ট নয় তাদের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বেতারের অনিয়মিত শিল্পীরা শিল্পী হিসেবেই রাখার পক্ষে সভায় উপস্থিত সকলে মতামত প্রদান করেন। বাংলাদেশ বেতারে যারা পারফর্মিং আর্টিস্ট নয় তাদেরকে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগের প্রস্তাব তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ের প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। |
| সিদ্ধান্ত | বাংলাদেশ বেতারে যারা পারফর্মিং আর্টিস্ট নয় তাদেরকে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগের প্রস্তাব তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রণালয়ের অর্থ মন্ত্রণালয়ের প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |

| আলোচ্য বিষয়-৩ | বাংলাদেশ বেতারের বাদ্যযন্ত্র শিল্পী সম্পর্কিত আলোচনা। |
|---|---|
| আলোচনা | সভায় বাংলাদেশ বেতারের বাদ্যযন্ত্র শিল্পী প্রয়োজনের তুলনায় কম থাকায় নতুন করে বাদ্যযন্ত্র শিল্পী তৈরি হচ্ছে না। অনেক বাদ্যযন্ত্রের শিল্পী বিলুপ্ত হয়ে যাচ্ছে। এসব যন্ত্র ও যন্ত্রশিল্পী বাঁচিয়ে রাখতে তথা বাদ্যযন্ত্র শিল্পী তৈরির জন্য ইউনেস্কোর সাথে প্রজেক্ট নেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। |
| সিদ্ধান্ত | বিলুপ্ত প্রায় বাদ্যযন্ত্র এবং বাদ্যযন্ত্র শিল্পী তৈরির জন্য ইউনেস্কোর সাথে প্রজেক্ট নেওয়ার বিষয়ে উপমহাপরিচালক (অনুষ্ঠান) এর নেতৃত্বে একটি বিশেষজ্ঞ কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |

চলমান পাতা: ০২

CS CamScanner

| | |
|---|---|
| আলোচ্য বিষয়-৪ | বাংলাদেশ বেতারের অকেজো মালামাল বিনষ্ট করার জন্য কমিটি গঠন সংক্রান্ত আলোচনা। |
| আলোচনা | সভায় বাংলাদেশ বেতারের অকেজো মালামাল বিনষ্ট করার জন্য কমিটি গঠনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। |
| সিদ্ধান্ত | বাংলাদেশ বেতারের অকেজো মালামাল বিনষ্ট করার জন্য কমিটি গঠনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |

| | |
|---|---|
| আলোচ্য বিষয়-৫ | বাংলাদেশ বেতারের অভ্যন্তরের ময়লা-আবর্জনা ফেলার জন্য হুইলযুক্ত বড় Bin স্থাপন এবং যত্রতত্র ময়লা-আবর্জনা ফেলা সংক্রান্ত আলোচনা। |
| আলোচনা | সভায় বাংলাদেশ বেতারের অভ্যন্তরের ময়লা-আবর্জনা ফেলার জন্য হুইলযুক্ত বড় Bin স্থাপন করার এবং যত্রতত্র ময়লা-আবর্জনা না ফেলার জন্য মোটিভেশনাল প্রোগ্রাম নেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। |
| সিদ্ধান্ত | (ক) বাংলাদেশ বেতারের অভ্যন্তরের ময়লা-আবর্জনা ফেলার জন্য হুইলযুক্ত বড় Bin স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বাংলাদেশ বেতারের অভ্যন্তরের যত্রতত্র ময়লা-আবর্জনা না ফেলার জন্য মোটিভেশনাল প্রোগ্রাম নেওয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। |
| বাস্তবায়ন | পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |

০২। পরিশেষে আর কোনো আলোচ্যসূচি না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮.১২.২৩

রবীন্দ্রশ্রী বড়ুয়া
মহাপরিচালক
ফোন: ৪৪৮১৩০৬২
ইমেইল: dg@betar.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০১৪.১০.১০৯.২৩. ৯৪৩ তারিখ: ২৮/১২/২৩

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা)/ প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
২। উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/অনুষ্ঠান-২/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
৪। পরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা;
৫। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ );
৬। অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
৭। উপ-পরিচালক, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
৮। উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
৯। উপ-বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা;
১০। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে);
১১। নথি।

CamScanner